

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগ

নং-০৭.০০.০০০০.১৫১.২২.০০৩.১৫-৫১১

তারিখ: ১৯ সেপ্টেম্বর, ২০১৮ খ্রি:
০৪ আশ্বিন, ১৪২৫ বঙ্গাব্দ

পরিপত্র


বিষয়: বাজেটে বরাদ্দকৃত অর্থ পুনঃউপযোজনের পর্যায়।

সরকারি অর্থ ব্যয়ের ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকল্পে নতুন বাজেট ও হিসাবরক্ষণ শ্রেণিবিন্যাস পদ্ধতিতে চলতি ২০১৮-১৯ অর্থবছরের বাজেট প্রণয়ন করা হয়েছে। বাজেটে সরবরাহ ও সেবার ক্ষেত্রে বিবিধ ব্যয়ের জন্য পূর্বের '৪৮৯৯-অন্যান্য ব্যয়'-এর ন্যায় কোন অর্থনৈতিক কোড রাখা হয়নি। তবে, বছরব্যাপি বিভিন্ন প্রকার অনির্ধারিত ব্যয় নির্বাহের জন্য বাজেটে সংরক্ষিত কোডে (৩৯১১১১-সাধারণ খোক বরাদ্দ এবং ৪৯১১১১-মূলধন খোক বরাদ্দ) অর্থ বরাদ্দ রাখা হয়েছে। সংরক্ষিত কোডে বরাদ্দকৃত এ অর্থ সরাসরি ব্যয়ের সুযোগ নেই। তবে, প্রয়োজনের নিরিখে বিভিন্ন ব্যয় নির্বাহের লক্ষ্যে সংরক্ষিত কোডের অর্থ সংশ্লিষ্ট এক/একাধিক অর্থনৈতিক কোডে পুনঃউপযোজনের সুযোগ রয়েছে।

২। বিদ্যমান আর্থিক ক্ষমতা অর্পণ অনুযায়ী আবর্তক ও মূলধন উভয় ক্ষেত্রে একই অর্থনৈতিক কোড রেঞ্জের মধ্যে পুনঃউপযোজনে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের অধীন অধিদপ্তর/পরিদপ্তরের প্রধান ক্ষমতাবান। তবে, এক অর্থনৈতিক গ্রুপ হতে অন্য অর্থনৈতিক গ্রুপে (যেমন: ৪৮০০-সরবরাহ ও সেবা গ্রুপ থেকে ৪৯০০-মেরামত, সংরক্ষণ ও পুনর্বাসন গ্রুপে) পুনঃউপযোজনের ক্ষেত্রে অর্থ বিভাগের সম্মতির প্রয়োজন হয়। বর্তমানে বাজেট বাস্তবায়ন কার্যক্রম সহজ ও গতিশীল করার লক্ষ্যে পুনঃউপযোজনের ক্ষেত্রে নিম্নোক্ত পরিবর্তিত প্রক্রিয়া অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হল:

পুনঃউপযোজনের ক্ষেত্র	পূর্বের অনুমোদন পর্যায়	বর্তমানে অনুমোদন পর্যায়
পরিচালন/উন্নয়ন বাজেটে আবর্তক কিংবা মূলধন ব্যয়ের এক অর্থনৈতিক গ্রুপ থেকে অন্য গ্রুপে পুনঃউপযোজন	অর্থ বিভাগ	প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ

৩। তবে, আবর্তক ব্যয় থেকে মূলধন ব্যয় কিংবা মূলধন ব্যয় থেকে আবর্তক ব্যয় এবং বেতন-ভাতা ও তারকা চিহ্নিত অর্থনৈতিক কোড থেকে অন্য কোন অর্থনৈতিক কোডে পুনঃউপযোজনের ক্ষেত্রে পূর্বের ন্যায় অর্থ বিভাগের সম্মতি গ্রহণের প্রয়োজন হবে। এছাড়া, পুনঃউপযোজনের অন্যান্য সকল শর্তাবলীও অপরিবর্তিত থাকবে।


২৯/০৯/২০১৮

(মো: মনির উদ্দিন)

অতিরিক্ত সচিব

ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগ
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

নং- ০৭.০০.০০০০.১৫১.২২.০০৩.১৫-৫১১

(বিতরণ)

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
- ২। মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশের কম্পিউটার এন্ড অডিটর জেনারেলের কার্যালয়, অডিট ভবন, কাকরাইল, ঢাকা
- ৩। সিনিয়র সচিব/সচিব,..... (সকল) মন্ত্রণালয়/বিভাগ
- ৪। হিসাব মহা নিয়ন্ত্রক, হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা
- ৫। হিসাব মহানিয়ন্ত্রক, বাংলাদেশ/কম্পিউটার জেনারেল, ডিফেন্স ফাইন্যান্স/অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে
- ৬। মহা-পরিচালক/প্রধান প্রকৌশলী/পরিচালক, অধিদপ্তর/পরিদপ্তর (সকল)
- ৭। অর্থ বিভাগের সকল কর্মকর্তা
- ৮। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা,..... (সকল) মন্ত্রণালয়/বিভাগ
- ৯। বিভাগীয় হিসাব মহানিয়ন্ত্রক, (সকল) বিভাগ.....

(ফয়েজ আহমেদ)

উপসচিব

ব্যয় ব্যবস্থাপনা-১ অধিশাখা

ফোন: ৯৫৭৬০৩৬